



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট।

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর মার্চ/২০২১ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১৮/০৩/২০২১
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	অনলাইন, জুম এপস
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন (পরিচালক) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। আলোচনাঃ

২.১। গত ১৮-০২-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

মিক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১।	<b>মুজিব বর্ষ</b> বাঙ্গালির সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানব, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বিশ্বের দরবারে উন্মোচিত লাল সবুজের মানচিত্রে আকাঁ একটি ভূখন্ড, যার নাম বাংলাদেশ। অপরাজেয় যোদ্ধা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী এবং মুজিব বর্ষ উপলক্ষ্যে দশদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে আলোচনা হয়। মহাপরিচালক বলেন ১৭ মার্চ ২০২১ তারিখে গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল) এ নির্মিত জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জালি করা হয়েছে। ১৮ মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মবার্ষিকী উদ্‌যাপনের নিমিত্তে আলোচনা সভা এবং ২১ শে মার্চ ২০২১ তারিখে বঙ্গবন্ধুকে উৎসর্গ করে একটি সেমিনার আয়োজন করার কথা বলেন। টুঞ্জিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত করে পুষ্পস্তবক অর্পণের বিষয়ে আলোচনা করেন।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সেমিনার উৎসর্গ এবং ১৮ মার্চ আলোচনা সভা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
০২।	<b>মুজিব কর্নার স্থাপন</b> মহাপরিচালক মুজিব কর্নার স্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদান করে বলেন আমাদের লাইব্রেরীতে মুজিব কর্নার স্থাপন করা হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিজের লেখা পুস্তক, বঙ্গবন্ধু উপর লেখা বিভিন্ন গুনীজনের লেখা পুস্তক এবং বঙ্গবন্ধুর বিভিন্ন সময়ের স্মারক, ছবি, প্রতিকৃতি সংগ্রহ করে সংগ্রহশালা সমৃদ্ধ করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও কনফারেন্স রুমের দেয়ালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পোস্টার, বড় বড় ছবি দিয়ে সুন্দর করে দৃশ্যমান করতে হবে।	মুজিব কর্নার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩।	<p><b>সুবর্নজয়ন্তী</b> স্বাধীনতার সুবর্নজয়ন্তী উপলক্ষে মহাপরিচালক বছরব্যাপী পরিকল্পনার প্রস্তাব করেন। তিনি স্বাধীনতার সুবর্নজয়ন্তী উপলক্ষে ব্রশিউর প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন। মহাপরিচালক বলেন আমরা স্বাধীনতার অর্জন গুলো নিয়ে কাজ করতে পারি। মহাপরিচালক বলেন, স্বাধীনতার সুবর্নজয়ন্তী উপলক্ষে আমরা সমসাময়িক বিষয়ের উপর দেশী /বিদেশী বিশেষজ্ঞদের সমন্বয়ে এই ডিসেম্বর পর্যন্ত ১০টি সেমিনার আয়োজন করবো। ২১ শে মার্চ অনুষ্ঠিত সেমিনারটি হবে সুবর্নজয়ন্তী উপলক্ষে ১ম সেমিনার। এছাড়াও ২৮শে মার্চ স্বাধীনতার সুবর্নজয়ন্তী উপলক্ষে আলোচনা সভা আয়োজনের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।</p>	<p>স্বাধীনতার সুবর্নজয়ন্তী উপলক্ষে সমসাময়িক বিষয়ের উপর দেশী /বিদেশী বিশেষজ্ঞদের সমন্বয়ে এই ডিসেম্বর পর্যন্ত ১০টি সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>
০৪।	<p><b>সেমিনার সংক্রান্ত</b> মহাপরিচালক বর্তমান প্রেক্ষাপটে Virtual Seminar আয়োজন প্রসঙ্গে আলোকপাত করে এই মাসে “Improvement of Energy Efficiency &amp; Conservation in the Energy Sector of Bangladesh” সেমিনার আয়োজনের ব্যাপারে আলোচনা করেন।</p>	<p>২২ ফেব্রুয়ারি “Improvement of Energy Efficiency &amp; Conservation in the Energy Sector of Bangladesh” বিষয়ক ভার্চুয়াল সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>
০৫।	<p><b>প্রশাসনিক</b> মহাপরিচালক সামনে অফলাইন সেমিনার করা যায় কিনা সে সম্পর্কে আলোচনা করেন। মহাপরিচালক বলেন পূর্বে অনুষ্ঠিত সেমিনারের টপিক গুলোর উপরও আলোচনা হতে পারে। এছাড়াও সেমিনার অনুষ্ঠিত হওয়ার পর পুনরায় পত্র প্রেরণ করে তাদের মতামত/সুপারিশসমূহ একত্রিকরণ করে আউটপুট বের করতে হবে। তিনি বলেন প্রত্যেক সেমিনারেই কিছু সুপারিশমালা থাকে যার উপর ভিত্তি করে সুপারিশসহ মতামত মন্ত্রণালয়ে পাঠাতে হবে।</p>	<p>সেমিনারের <b>Compilation</b> প্রস্তুত করে সুপারিশসহ মতামত মন্ত্রণালয়ে পাঠানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>
০৬।	<p><b>ইআরপি</b> জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন ৭ টি প্রতিষ্ঠানের জন্য ড্যাশবোর্ড প্রসঙ্গে আলোকপাত করে মহাপরিচালক বলেন, ড্যাশবোর্ড কম্পিউটার কাউন্সিলে হোস্টিং করতে হবে। তিনি নিয়মিতভাবে ড্যাশবোর্ড আপডেট করার বিষয়ে জোর প্রদান করেন। প্রকাশিত আইন বিধি নীতিমালার সংকলন এর এপস তৈরি করার ব্যাপারে নির্দেশনা দেন। এছাড়াও কম্পিউটার কাউন্সিলে কমন সার্ভারের হোস্টিং এবং সার্ভারের ব্যাকআপ কিভাবে নেয়া যায় সে বিষয়ে আলোচনা করেন। এবং পুরাতন ও নতুন ডকুমেন্টগুলোর সফট কপি প্রস্তুত করে ই-বুক এর ভেতর আনার বিষয়ে নির্দেশনা দেন।</p>	<p>প্রতি বৃহস্পতিবারে <b>Latest</b> ডাটা আপডেট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>
০৭।	<p><b>রিপোর্ট সংক্রান্ত</b> মহাপরিচালক স্টাডি রিপোর্ট, এনার্জি সিনারিও এবং এনার্জি ইকোনমিকস এর কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চান? তিনি <b>monthly report</b> এবং <b>annual report</b> যথাসময়ে প্রস্তুতের ব্যাপারেও নির্দেশনা প্রদান করেন। উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) জনাব মেহেদী হাসান জানান এনার্জি সিনারিও এর কাজ সম্পন্ন হয়েছে।</p>	<p>স্টাডি রিপোর্ট প্রস্তুত করণ, <b>monthly report</b> এবং <b>annual report</b> যথাসময়ে প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>
০৮।	<p><b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-</b> ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসেবে এই মাসে পেট্রোবাংলা ও বিপিসির অধীনস্থ কোম্পানিসমূহের সাথে তিনটি অংশীজনের সভা করার ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও চলতি মাসের শেষ সপ্তাহে এপিএ টিমের মাসিক সভা করার বিষয়ে আলোচনা করেন।</p>	<p>২৪ শে মার্চ এপিএ টিমের মাসিক সভা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এপিএ সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা করতে হবে।</p>

০৯।	<b>ইনোভেশন</b> হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়নের অংশ হিসেবে ইনোভেশন ট্রেনিং আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। চলতি মাসের শেষ সপ্তাহে মাসিক সভা করার বিষয়ে আলোচনা করেন।	২৮ শে মার্চ ইনোভেশন টিমের মাসিক সভা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ইনোভেশন সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা করতে হবে।
১০।	<b>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</b> ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে নথির শ্রেণীবিন্যাস করা হয়েছে। মার্চের শেষ সপ্তাহে নৈতিকতা কমিটির সভা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নৈতিকতা কমিটির সভা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং শুদ্ধাচার সংক্রান্ত কাজের অগ্রগতি পর্যালোচনা করতে হবে।
১১।	<b>ই- নথি:</b> হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই-নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়। তেল, গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে তিকানা সংগ্রহ করে তাদেরকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়ার ব্যাপারে আলোচনা হয়।	অভ্যন্তরীণ অফিস আদেশ আরো বৃদ্ধি করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০১.২০.১৪৪

তারিখ: ৯ চৈত্র ১৪২৭

২৩ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) অফিস কপি।



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক